

# বন্যার কারণে ৩ বোর্ডের এইচএসসি-সমমান পরীক্ষা স্থগিত

অনলাইন ডেক্স



সারাদেশে চলমান বন্যা পরিস্থিতির কারণে আজ বৃহস্পতিবার

(১০ জুলাই) অনুষ্ঠিত এইচএসসি ও সমমানের পরীক্ষা তিনটি

শিক্ষাবোর্ডের অধীনে স্থগিত করা হয়েছে। এই বোর্ডগুলো হলো

কুমিল্লা শিক্ষা বোর্ড, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।

বুধবার (৯ জুলাই) রাত সাড়ে ১১টায় পর সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডগুলো

থেকে প্রকাশিত বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। স্থগিত হওয়া

পরীক্ষার পরবর্তী তারিখ পরে জানানো হবে বলেও বোর্ডগুলো

জানিয়েছে।

## কুমিল্লা শিক্ষা বোর্ডের পরীক্ষা স্থগিত

কুমিল্লা শিক্ষা বোর্ডের বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ভারী বর্ষণ ও

উজান থেকে নেমে আসা ঢলের কারণে ফেনী ও নোয়াখালী

জেলার বিভিন্ন এলাকা প্লাবিত হওয়ায় এই বোর্ডের অধীনে  
বৃহস্পতিবারের এইচএসসি পরীক্ষা স্থগিত করা হয়েছে। তবে, ১৩  
জুলাই থেকে পূর্বঘোষিত সময়সূচি অনুযায়ী অন্যান্য পরীক্ষা  
যথারীতি চলবে বলে জানানো হয়েছে। স্থগিত পরীক্ষার নতুন  
সময়সূচি পরবর্তীতে বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করা হবে।

### **মাদরাসা বোর্ডের আলিম পরীক্ষা স্থগিত**

মাদরাসা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. মোহাম্মদ  
কামরুল আহসান বলেন, সারা দেশের আলিম পরীক্ষা স্থগিত করা  
হয়েছে।

তবে পরীক্ষা স্থগিতের সুনির্দিষ্ট কারণ বা পরবর্তী তারিখ সম্পর্কে  
তাৎক্ষণিকভাবে কোনো বিস্তারিত তথ্য জানানো হয়নি।

**কারিগরি শিক্ষা বোর্ডের এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষা স্থগিত**  
কারিগরি শিক্ষা বোর্ডের পরিচালক (কারিকুলাম) প্রকৌশলী মো.  
আনোয়ারুল কবীর নিশ্চিত করেছেন যে, কারিগরি শিক্ষা বোর্ডের  
অন্তর্ভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানের চলমান ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং,  
এইচএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (বিএম) পরীক্ষা  
অনিদিষ্টকালের জন্য স্থগিত করা হয়েছে। কারিগরি শিক্ষা বোর্ডের  
বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, অনিবার্য কারণে ১০ জুলাইয়ের সকল  
পরীক্ষা স্থগিত করা হয়েছে এবং স্থগিত পরীক্ষার তারিখ পরবর্তীতে  
জানানো হবে।

তবে, অন্যান্য দিনের পরীক্ষা সময়সূচি মোতাবেক অনুষ্ঠিত হবে।

শিক্ষার্থীদের পরবর্তী নির্দেশনার জন্য অপেক্ষা করতে বলা হয়েছে।